প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে হবে: কমিউনিটি নেতা আব্দুল হালিম

প্রবাস চেম্বার ডেস্ক: দেড় কোটি প্রবাসীর (রেমিট্যান্স যোদ্ধা) ভোটাধিকার নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ প্রবাসী অধিকার ফোরামের কেন্দ্রীয় আহ্বায়ক, প্রবাসী কমিউনিটি নেতা ও মিডিয়া ব্যক্তিত্ব আব্দুল হালিম। রবিবার (২৬ জানুয়ারি) রাতে ভার্চুয়াল (জুম মিটিং) এর মাধ্যমে ইতালি শাখার সাধারণ সভায় তিনি এ আহ্বান জানান।

আব্দুল হালিম বলেন, দেশের বিভিন্ন জায়গায় ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি চলছে। পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থান করা আমার দেড় কোটি প্রবাসী (রেমিট্যান্স যোদ্ধা) ভাই-বোনেরা যেন নির্বিঘ্নে ভোট দিতে পারেন, নির্বাচন কমিশনকে সে ব্যবস্থা করতে হবে।

ইতালি শাখার আহ্বায়ক তোফায়েল আহমেদ খানের সভাপতিত্বে ও সদস্য সচিব কাজী ফারুকউজ্জামানের সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেন্ট্রাল কমিটির আহবায়ক আব্দুল হালিম। বিশেষ অতিথি ছিলেন সেন্ট্রাল কমিটির সদস্য সচিব আমিনুর রশিদ আনিছ, সেন্ট্রাল কমিটির যুগ্ম আহবায়ক ও ইউরোপের সমন্বয়ক জুনেদ আহমদ, সেন্ট্রাল কমিটির যুগ্ম আহবায়ক উবায়দুর রহমান, সেন্ট্রাল কমিটির যুগ্ম আহবায়ক ফয়ছল খান।
সভায় বক্তারা সারা বিশ্বে ছড়িয়ে ছিটিয়ে থাকা সকল প্রবাসীকে প্রবাসী অধিকার ফোরামের সদস্য হওয়ার আহ্বান জানান। প্রবাসীদের সমস্যা সমাধানে ও যে কোন বিপদ আপদে পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন।